Total No. of Printed Pages—7

**HS/XII/A. Sc. Com/B/24**

**2 0 2 4**

**BENGALI**

**( Modern Indian Language )**

*Full Marks* : 100

*Time* : 3 hours

*The figures in the margin indicate full marks for the questions*

*General Instructions* :

(i) Write all the answers in the Answer Script.

(ii) Attempt all parts of a question together at one place.

১। বন্ধনী থেকে সঠিক শব্দ চয়ন করে শূন্যস্থান পূর্ণ কর (যে-কোন **পাঁচটি**) : ১×৫=৫

(ক) "_____ প্রকাশের চেষ্টা করিবেন না।"
( বিদ্যা / বুদ্ধি / মত )

(খ) "লেখা ভাল হইলে _____ আপনি আসিবে।"
( অর্থ / মান / যশ )

(গ) "বাঙ্গালা সাহিত্য, বাঙ্গালার _____ ।"
( সম্বল / ভরসা / সৌন্দর্য )

(ঘ) "আমার _____বলাই।"
( ছেলে / বোনপো / ভাইপো )



Visit CollegeDekho

(ঙ) "______ বাড়েও দ্রুত।"

( কলাগাছ / শিমূলগাছ / বটগাছ )

(চ) "______ শেষে আমের বোল ধরে।"

( মাঘের / ফাল্গুনের / পৌষের )

(ছ) "______ জয় সর্বত্র।"

( ধর্মের / সত্যের / শক্তির )

(জ) " সোজা লইয়া গেল ______ক্লাস ওয়েটিং রুমে।"

( ফার্স্ট / সেকেণ্ড / থার্ড )

২। *দু-একটি* শব্দে যে-কোন **চারটি** প্রশ্নের উত্তর দাও : ১×৪=৪

(ক) 'সীতা ও সরমা' কবিতার মূল গ্রন্থের নাম কী?

(খ) "সরসী আরসি মোর!"
'আরসি' শব্দের অর্থ কী?

(গ) "সপ্ত পুরুষ যেথায় মানুষ সে মাটি"—কেমন?

(ঘ) "বেটা সাধুবেশে পাকা চোর অতিশয়।"
এখানে 'পাকা চোর' বলতে কাকে বোঝানো হয়েছে?

(ঙ) শূন্যস্থান পূর্ণ করো :
"মারিয়া করিব ______!"

(চ) "বাংলা ভাষা উচ্চারিত হলে" বারান্দায় কি লাগে?

(ছ) "একুশের প্রথম প্রভাত ফেরি"
এখানে কোন্ মাসের একুশ তারিখের কথা বলা হয়েছে?



Visit CollegeDekho

৩। *দু-একটি* শব্দে যে-কোন **তিনটি** প্রশ্নের উত্তর দাও : ১×৩=৩

(ক) চঞ্চলকুমারী কোন্ রাজ্যের রাজকন্যা ?

(খ) নির্মলকুমারী কে ছিলেন ?

(গ) আলমগীর কে ?

(ঘ) ''এ পাঞ্জা তুমি কোথায় পাইলে ?'' বক্তা কে ?

(ঙ) ''এ বামুনে বুদ্ধির কাজ নয়—এ মেয়েলি বুদ্ধির কাজ।'' বক্তা কে ?

৪। যে-কোন **তিনটি** প্রশ্নের অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ২×৩=৬

(ক) ''বোধ করি সেই শোকে দাদার খেয়াল গেল, তিনি বিলেতে এঞ্জিনিয়ারিং শিখতে গেলেন।'' এখানে 'দাদা' বলতে কাকে বোঝানো হয়েছে ? তার শোকটা কী ?

(খ) বলাইকে খ্যাপাবার জন্য ওর সঙ্গীরা কী করত ?

(গ) ''তুমি আমার ছেলে বাবা, ছেলের কাজই করেছ।'' কে, কাকে এই কথাটি বলেছেন ?

(ঘ) 'দুধের দাম' গল্পে বৃদ্ধা কোন্ কোন্ ভাষা জানতেন ? তিনি কোন্ স্কুলে পড়েছিলেন ?

(ঙ) 'বাঙ্গালার নব্য লেখকদিগের প্রতি নিবেদন'—প্রবন্ধে শ্রেষ্ঠ লেখক বলতে বঙ্কিমচন্দ্র কি বুঝিয়েছেন ?



Visit CollegeDekho

৫। যে-কোন **পাঁচটি** প্রশ্নের উত্তর সংক্ষেপে দাও : ২×৫=১০

(ক) ‘‘জাগাত প্রভাতে মোরে কুহরি সুস্বরে পিক-রাজ!’’
পংক্তিটি কোন্ কবিতার অংশ? ‘পিক-রাজ’ শব্দের অর্থ কী?

(খ) ‘‘বনদেবী বলি মোরে সম্ভাষি কৌতুকে!’’
কে, কাকে বনদেবী বলে সম্বোধন করতেন?

(গ) ‘‘চিনিল না মোরে, নিয়ে গেল ধরে।’’
কে, কাকে ধরে নিয়ে গেছে?

(ঘ) ‘‘এ জমি লইব কিনে।’’
বক্তা কে? তিনি কোন্ জমির কথা বলেছেন?

(ঙ) ‘‘বাংলা ভাষা উচ্চারিত হলে চোখে ভেসে ওঠে কত চেনা ছবি;’’
পংক্তিটির রচয়িতা কে? যে-কোন একটি ছবির উল্লেখ কর।

(চ) ‘‘আমি দেশ পর্যটনে গমন করিব, মহারাজকে আশীর্বাদ করিতে আসিয়াছি।’’
বক্তা কে? ‘মহারাজ’ বলতে কাকে বোঝানো হয়েছে?

(ছ) ‘‘রাণার কাছে কিছু বৃত্তি পাইব।’’
বক্তা কে? এখানে কোন্ রাণার কথা বলা হয়েছে?

(জ) ‘‘তোমার কন্যা লইয়া উদয়পুরে যাও, তোমাকে ভূমি দিব, বাস করিও।’’
বক্তা কে? তিনি কাকে উদয়পুরে যেতে বলেছেন?



Visit CollegeDekho

৬। যে-কোন **একটি** প্রশ্নের উত্তর দাও : ৪

(ক) বলাইয়ের প্রিয় শিমূলগাছটা কাটা হয়ে গেছে শুনে কাকির মনে কিরূপ প্রতিক্রিয়া দেখা দিয়েছিল?

(খ) ‘‘আমি ধর্ম বিক্রি করি না।’’ বক্তা কে? তিনি কাকে ও কেন এই কথাটি বলেছেন?

(গ) ‘বাঙ্গালার নব্য লেখকদিগের প্রতি নিবেদন’ প্রবন্ধে অলংকার প্রয়োগ বা রসিকতার সম্বন্ধে লেখকের বক্তব্য কী?

৭। যে-কোন **একটি** প্রশ্নের উত্তর দাও : ৮

(ক) অনন্ত মিশ্র কে ছিলেন? উদয়পুর যাত্রাপথে তার সঙ্গে যে ঘটনা ঘটেছিল তা বর্ণনা কর। ২+৬=৮

(খ) ‘রাজসিংহ’ উপন্যাসে তোমার পঠিত অংশ অবলম্বনে চঞ্চলকুমারীর চরিত্র আলোচনা কর।

(গ) ‘রাজসিংহ’ উপন্যাসে তোমার পঠিত অংশ অবলম্বনে চঞ্চলকুমারীর পত্রের বিষয়বস্তু নিজের ভাষায় লেখ।

৮। যে-কোন **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) ‘সীতা ও সরমা’ কবিতার সারমর্ম লেখ।

(খ) ‘দুই বিঘা জমি’ কবিতা অবলম্বনে উপেনের করুণ পরিণতির আলোচনা কর।

(গ) ‘‘বাংলা ভাষা
উচ্চারিত হলে অন্ধ বাউলের একতারা বাজে
উদার গৈরিক মাঠে, খোলা পথে, উত্তাল
নদীর বাঁকে বাঁকে, নদীও নর্তকী হয়।’’

পংক্তিগুলি কোন্ কবিতার অংশ? পংক্তিগুলির মাধ্যমে কবির মনে বাংলাদেশের ও বাংলাভাষার প্রতি যে আবেগ ও বিচিত্র মনোভাবের পরিচয় পাওয়া যায়, তা তোমার পঠিত কবিতার মাধ্যমে নিজের ভাষায় ব্যক্ত কর।



Visit CollegeDekho

৯। যে-কোন **একটি** প্রশ্নের উত্তর দাও : ১০

(ক) 'বাঙ্গালার নব্য লেখকদিগের প্রতি নিবেদন' প্রবন্ধে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় বাংলার নব্য লেখকদের উদ্দেশ্যে যে-যে নিয়মগুলির নির্দেশ দিয়েছেন তা নিজের ভাষায় লেখ।

(খ) 'বলাই' গল্পের সারাংশ লেখ।

(গ) 'দুধের দাম' গল্পে কুলিটির চরিত্রে যে মানবতাবোধের পরিচয় পাওয়া যায় তা সংক্ষেপে আলোচনা কর।

১০। উদাহরণসহ সংজ্ঞা দাও (যে-কোন **দুটি**) : ৩×২=৬

অভিশ্রুতি ; অপিনিহিতি ; স্বরসঙ্গতি; স্বরাগম ; সমীভবন ।

১১। নির্দেশ অনুসারে উত্তর দাও : ১+১=২

(ক) নীচের শব্দগুলিতে কোন্ ধরনের পরিবর্তন সাধিত হয়েছে, উল্লেখ কর (যে-কোন **একটি**) :

ধরম ; কাগ ; আইজ ; ইস্কুল।

(খ) নীচের পংক্তিটির অলঙ্কার নির্ণয় কর :

"আনা দরে আনা যায় কত আনারস।"

১২। নীচের অলঙ্কারগুলির উদাহরণসহ সংজ্ঞা দাও (যে-কোন **দুটি**) : ৩×২=৬

অনুপ্রাস ; সমাসোক্তি; শ্লেষ ; উপমা।

১৩। বঙ্গানুবাদ কর (যে-কোন **চারটি**) : ২×৪=৮

(ক) A tree is known by its fruit.

(খ) Honesty is the best policy.

(গ) Students life is the stage of preparation for future.



Visit CollegeDekho

(ঘ) Venus is the brightest among all stars.

(ঙ) Anandamath is a patriotic novel written by novelist Bankim Chandra Chatterjee.

(চ) Mahatma Gandhi is known as the father of nation.

(ছ) There is no end of learning.

(জ) Self-help is the best help.

১৪। নীচের অনুচ্ছেদটির সারাংশ লেখ : ৮

“তোমাতে রয়েছে সকল কেতাব সকল কালের জ্ঞান,
সকল শস্ত্র খুঁজে পাবে সখা, খুলে দেখ নিজ প্রাণ!
তোমাতে রয়েছে সকল ধর্ম, সকল যুগাবতার,
তোমার হৃদয় বিশ্ব-দেউল সকলের দেবতার।
কেন খুঁজে ফের দেবতা ঠাকুর মৃত পুঁথি-কঙ্কালে?
হাসিছেন তিনি অমৃত-হিয়ার নিভৃত অন্তরালে।”

১৫। নীচের যে-কোন **একটি** বিষয় অবলম্বনে একটি রচনা লেখ : ১০

(ক) ‘তোমার জীবনের লক্ষ্য’

(খ) ‘ভারতবর্ষের চন্দ্রযানের সফলতা’

(গ) ‘মেঘালয়ের প্রাকৃতিক সৌন্দর্য’

(ঘ) ‘ছাত্র জীবনের দায়িত্ব ও কর্তব্য’

★★★



Visit CollegeDekho